

৪২ শিলাভাট

স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ইনডেন্ডেন্স নম্বর ও এমপিও দিন

বিগত সরকার বেসরকারি স্কুল-কলেজ-মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী নিয়োগের জন্য নিবন্ধন পরীক্ষার ব্যবস্থা করেছেন। বেনবেইস-এ ইনডেন্ডেন্স নম্বরধারী শিক্ষক-কর্মচারীদের ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ লাভের জন্য এ পরীক্ষা দিতে হয় না। এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাংলাদেশ ন্যাশনাল ব্যুরো অব এডুকেশনাল ইনফরমেশন অ্যান্ড স্টেটিসটিস্ (বেনবেইস) থেকে ঐ ইনডেন্ডেন্স নম্বর দেয়া হয়। এমপিওভুক্তির পূর্বশর্ত হলো কোনো

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি লাভ করা। স্বীকৃতি লাভের সঙ্গে সঙ্গেই এতে ছাত্রীদের উপস্থিতিসহ নানা অর্থনৈতিক কর্মকাণ্ড শুরু হয়।

শিক্ষক-কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা, নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা ইত্যাদির ভিত্তিতে একাডেমিক অনুমোদনসহ কোড নম্বর প্রদানের অনেক বছর পর পরীক্ষার ফলাফলসহ যাবতীয় দিক পুনরায় যাচাই-বাহাই করে একটি বেসরকারি বিদ্যালয়কে প্রাতিষ্ঠানিক স্বীকৃতি দেয়া হয়। একই শিক্ষাগত যোগ্যতা ও কর্মদক্ষতা থাকলেও স্বীকৃতিপ্রাপ্ত এমপিওবিহীন শিক্ষক-কর্মচারী নিবন্ধন পরীক্ষা ছাড়া ভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ লাভের অধিকার থেকে বঞ্চিত হন। যথাযথ কর্তৃপক্ষ থেকে স্বীকৃতিলাভের পর তাৎক্ষণিকভাবে বেসরকারি শিক্ষক-কর্মচারীরিরা ইনডেন্ডেন্স না হওয়ায় তাদের প্রকৃত সংখ্যা নিরূপণ ও জাতীয় পরিকল্পনা প্রণয়নে বিঘ্ন সৃষ্টি হয়। অন্যদিকে, এমপিও বিলম্বিত হওয়ায় তারা পরিবারবর্গসহ মানবেতর জীবনে নিষ্কিণ হন এবং শিক্ষাদানকার্য মারাত্মকভাবে ব্যাহত হয়।

স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি বিদ্যালয়গোষ্ঠী নিবন্ধন বিধির আগে থেকে কর্মরত অভিজ্ঞ শিক্ষক-কর্মচারীদের তাৎক্ষণিকভাবে ইনডেন্ডেন্স নম্বর প্রদানপূর্বক নিবন্ধন পরীক্ষা ছাড়া ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের সুযোগ দেয়া এবং নিরপেক্ষ ও দুর্নীতিমুক্তভাবে স্বীকৃতির তারিখ থেকে তাদের এমপিওভুক্তির ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে আকুল আবেদন করছি।

আফিমা সুলতানা,
কম্পিউটার ল্যাব সহকারী, জাতিয়াবর
কলেজ, পূর্বধলা, নেত্রকোনা।

১০০